Vol. 35 ■ Issue No. 5 ■ 29th January 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

রেলে ২,৪২২ অ্যাপ্রেন্টিস

আই.টি.আই থেকে পাশ ছেলেমেয়ের

নিজস্ব সংবাদদাতা : মধ্য রেলের বিভিন্ন ডিভিশনে 'অ্যাপ্রেন্টিস' হিসাবে ২,৪২২ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, কার্পেন্টার, পেইন্টার (জেনারেল), টেলর (জেনারেল), ইলেকট্রিশিয়ান, মেকানিক ডিজেল, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, মেশিনিস্ট, শীট মেটাল ওয়ার্কার, ওয়েল্ডার, মেশিনিস্ট, কার্পেন্টার, ইলেকট্রিশিয়ান, পেইন্টার, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, ইলেকট্রনিক মেকানিক, মেশিনিস্ট, টার্নার, প্লাম্বার। কারা কোন ট্রেডের জন্য যোগ্য।

কোনো স্বীকৃত পর্ষদ বা, বিশ্ববিদ্যালয় থেকে মোট অন্তত ৫০% (তপশিলী ও প্রতিবন্ধীদের বেলায় সাধারণভাবে পাশ হলে) নম্বর পেয়ে মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা এন.সি.ভি.টি.'র অনুমোদিত আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন।

☞ এরপর ৩ পাতায়

সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে ১,১৪৯ কনস্টেবল

মাধ্যমিক ছেলেদের জন্য

নিজস্ব সংবাদদাতা : সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে 'কনস্টেবল (ফায়ারম্যান)' পদে ১,১৪৯ জন লোক নিচ্ছে।

বিজ্ঞান বিষয় নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪-৩-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম তারিখ হতে হবে ৫-৩-১৯৯৯ থেকে ৪-৩-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শারীরিক মাপজোক হতে হবে লম্বায় অন্তত ১৭০ সেমি. (তপশিলী উপজাতি হলে ১৬২.৫ সেমি, অসম, ত্রিপুরা, মিজোরাম ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ১৬৫ সেমি.) আর বুকের ছাতি না-ফুলিয়ে ৮০ সেমি. ও ফুলিয়ে ৮৫ সেমি। তপশিলী উপজাতি হলে ৭৬ সেমি ও পার্বত্য এলাকার প্রার্থী হলে ৭৮ সেমি। তপশিলী উপজাতি ও পার্বত্য এলাকার প্রার্থীদের ৫ সেমি

☞ এরপর ৬ পাতায়

ইন্ডিয়ান অয়েলে ১,১৯৬ অ্যাপ্রেন্টিস

নর্দার্ন রিজিয়নে ৬২৬

নিজস্ব সংবাদদাতা : ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের নর্দার্ন রিজিয়নের মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ডাটা এন্ট্রি অপারেটর' ও 'ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর' ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ৬২৬ জন লোক নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, মেকানিক্যাল : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা

☞ এরপর ৫ পাতায়

ওয়েস্টার্ন রিজিয়নে ৫৭০

নিজস্ব সংবাদদাতা : ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের ওয়েস্টার্ন রিজিয়ন মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর - স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ৫৭০ জন লোক নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস,

☞ এরপর ৩ পাতায়

বি.এস.এফ'এ ২,৭৮৮ ট্রেডসম্যান

নিজস্ব প্রতিনিধি : বর্ডার সিকিউরিটি ফোর্স পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, অসম, ত্রিপুরা ও সিকিম -সহ সারা রাজ্য থেকে 'কনস্টেবল (ট্রেডসম্যান)' পদে ২,৭৮৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। নেওয়া হবে এইসব পদে : কবলার, টেলর, কুক, ওয়াটার কেরিয়ার, ওয়াশারম্যান, বারবার, সুইপার, কার্পেন্টার, পেইন্টার, ইলেকট্রিশিয়ান, ড্রাফটসম্যান, ওয়েটার, মালি। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে আবেদন করতে পারেন : (ক) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজ করার অভিজ্ঞতা, (খ) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের অভিজ্ঞতা, (গ) আই.টি.আই. থেকে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে।

☞ এরপর ২ পাতায়

ভারত ইলেক্ট্রনিক্সে ২৪৭ ইঞ্জিনিয়ার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন ভারত ইলেকট্রনিক্স লিমিটেড 'ট্রেনি ইঞ্জিনিয়ার-I', 'প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-I' ও 'ট্রেনি অফিসার' পদে ২৪৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

প্রোজেক্ট ইঞ্জিনিয়ার-I : ইলেকট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেকট্রিক্যাল, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। অন্তত ২ বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে। প্রকল্পে ১ বছরের জন্য নেওয়া হবে।

☞ এরপর ৪ পাতায়

ভেতরের পাতায় আছে

- রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে নেভিতে চাকরি

৭২ ড্রাইভার

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের জল শক্তি মন্ত্রকের অধীন সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডের মিড-ইস্টার্ন রিজিয়ন, নর্থ ওয়েস্টার্ন রিজিয়ন ও সাউথ ওয়েস্টার্ন রিজিয়নে স্টাফ কার ড্রাইভার (অর্ডিনারি গ্রেড)' পদে

☞ এরপর ৪ পাতায়

সেনাবাহিনীতে ল' অফিসার

নিজস্ব সংবাদদাতা : ভারতীয় সেনাবাহিনী শর্ট সার্ভিস কমিশনে ল গ্র্যাজুয়েট মেন ও উইমেন' পদে অফিসার হিসাবে ৯ জন অবিবাহিত তরুণ-তরুণী নিচ্ছে। মোট অন্তত ৫৫% নম্বর

☞ এরপর ৪ পাতায়

ভাবা পারমাণবিক শক্তি দফতরে সায়েন্টিফিক অফিসার হওয়ার কোর্স

নিজস্ব সংবাদদাতা : ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার ১ বছরের ওরিয়েন্টেশন কোর্স পড়িয়ে 'সায়েন্টিফিক অফিসার' পদে কিছু লোক নিচ্ছে। কারা কোন কোর্সে আবেদনের যোগ্য :

ইঞ্জিনিয়ারিং শাখায় নেওয়া হবে এইসব বিষয়ে : মেকানিক্যাল, কেমিক্যাল, মেটালার্জি, ইলেকট্রিক্যাল, ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন, সিভিল।

মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, কেমিক্যাল, মেটালার্জি, ইলেকট্রিক্যাল, ইলেকট্রনিক্স, কম্পিউটার সায়েন্স / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন, সিভিল, নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং, ফাস্ট রিঅ্যাক্টর টেকনোলজি, ফিজিক্স, কেমিস্ট্রি

☞ এরপর ২ পাতায়

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই এন এস বিল্ডিং, রফি মার্গ নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

দেখে বুঝে পা ফেলুন
চাকরির ক্ষেত্রে অথবা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নই।
— সম্পাদক, 'কর্মসংস্থান'

ভাবা পারমাণবিক শক্তি দফতরে

১ পাতার পর

কোয়ালিটি অ্যাসিওরেন্স অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক. / বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং/৫ বছরের ইন্টিগ্রেটেড এম.টেক.) কোর্স পাশরা ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন।

ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ার্স থেকে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, কেমিক্যাল, মেটালার্জি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইন্সট্রুমেন্টেশন, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের এ.এম.আই.ই. / এ.এম.আই.ই.টি.ই. / এ.এম.আই.আই.সি.ই. কোর্স পাশ কিংবা ৫ বছরের এম.টেক. কোর্স পাশরাও যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখায় 'গেট-২০২১ / ২০২২'র পরীক্ষায় স্কোর করে থাকতে হবে।

অ্যারোস্পেস, অটোমোবাইল, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, রিলায়াবিলিটি, সেরামিক্স, আর্কিটেকচার, জিওলজি, মাইনিং, বায়ো-মেডিক্যাল ইলেক্ট্রনিক্স, বায়ো মেডিক্যাল ইন্সট্রুমেন্টস, কমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, মাস্টার অফ কম্পিউটার অ্যাপ্লিকেশন, ডাই অ্যান্ড ডাই ইন্টারমিডিয়েট, ইলেক্ট্রোকেমিক্যাল, এনার্জি সিস্টেম, অয়েল অ্যান্ড ফ্যাটস, পেইন্টস অ্যান্ড ভার্নিশ, পেট্রোকেমিক্যালস, প্লাস্টিক্স, পেপার, সুগার টেকনোলজি, টেক্সটাইল ও মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য নন।

বিজ্ঞান শাখায় নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, জিওলজি। কারা কোন পদের জন্য যোগ্য :

ফিজিক্স : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিং ফিজিক্সের ডিগ্রি (বি.ই. /বি.টেক.) কোর্স পাশরা আবেদনের যোগ্য। ফিজিক্স / অ্যাপ্লায়েড ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা (এম.এসসি.) মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর ডিগ্রি কোর্সে ফিজিক্স ও অঙ্ক সহায়ক বিষয় হিসাবে নিয়ে থাকলে আর ডিগ্রি কোর্সে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ৫ বছরের ইন্টিগ্রেটেড এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। 'গেট-২০২১ / ২০২২'র পরীক্ষায় ফিজিক্স বা, ইঞ্জিনিয়ারিং সায়েন্স বিষয়ে স্কোর করে থাকতে হবে।

কেমিস্ট্রি : ফিজিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। উচ্চমাধ্যমিক বা, বি.এসসি. কোর্সে অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে ৫ বছরের ইন্টিগ্রেটেড এম.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। 'গেট-২০২১ / ২০২২'র পরীক্ষায় কেমিস্ট্রি বিষয়ে স্কোর করে থাকতে হবে।

রেডিওলজিক্যাল সেফটি অ্যান্ড এনভায়রণমেন্টাল সায়েন্স : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ফিজিক্স বা, কেমিস্ট্রির এম.এসসি. কোর্স পাশরা আবেদনের যোগ্য। ডিগ্রি কোর্সে সহায়ক বিষয় হিসাবে ফিজিক্স ও কেমিস্ট্রি বিষয় থাকতে হবে ও ডিগ্রি কোর্সে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। ৫ বছরের ইন্টিগ্রেটেড এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং, নিউক্লিয়ার টেকনোলজি, নিউক্লিয়ার সায়েন্স অ্যান্ড টেকনোলজি বিষয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলেও যোগ্য।

জিওলজি : মোট অন্তত ৬০% নম্বর পেয়ে জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, অ্যাপ্লায়েড জিওকেমিস্ট্রির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্সে জিওলজি বিষয় আর অঙ্ক /ফিজিক্স /কেমিস্ট্রি বিষয়ের মধ্যে যে কোনো ২টি বিষয় নিয়ে ডিগ্রি কোর্সে মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। উচ্চমাধ্যমিক পর্যন্ত অঙ্ক বিষয় থাকতে হবে। 'গেট-২০২১/২০২২'র পরীক্ষায় জিওলজি ও জিওফিজিক্স বিষয়ে স্কোর করে থাকতে হবে।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০২২'র হিসাবে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মনোনীত হলে প্রথমে ১ বছরের ওরিয়েন্টেশন কোর্স ফর ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট ও সায়েন্স পোস্ট গ্র্যাজুয়েট (ও.সি.ই.এস.)' পড়ানো হবে এইসব ট্রেনিং স্কুলে : মুম্বাইয়ের ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার, কালপক্কমের ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চ, ইন্দোরের রাজা রামান্না সেন্টার ফর অ্যাডভ্যান্সড টেকনোলজি, হায়দরাবাদের নিউক্লিয়ার ফুয়েল কমপ্লেক্সে, হায়দরাবাদের অ্যাটমিক মিনারেলস ডিরেক্টরেট ফর এক্সপ্লোরেশন অ্যান্ড রিসার্চে। ট্রেনিংয়ের সময় 'ট্রেনি সায়েন্টিফিক অফিসার' পদে চাকরি। তখন স্টাইপেন্ড পাবেন। এই কোর্সে ৫০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। তখন 'সায়েন্টিফিক অফিসার' পদে চাকরি। মূল মাইনে : ৫৬,১০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৮৯,০০০ টাকা।

সব ক্ষেত্রেই প্রার্থী বাছাই হবে 'GATE - 2021/ 2022'-পরীক্ষায় পাওয়া স্কোর দেখে কিংবা অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। 'গেট' পরীক্ষার স্কোর সংক্রান্ত তথ্য ওয়েবসাইটে পাবেন। অনলাইন পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই হলে পরীক্ষা হবে ৭-১৩ এপ্রিল। সফল হলে ইন্টারভিউ হবে ১৪ জুন থেকে ৩১ জুলাই।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.barconlineexam.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে ব্যাঙ্ক চালান প্রিন্ট করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দিতে হবে। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর ব্যাঙ্ক থেকে ট্রানজাকশন নম্বর নিয়ে নেবেন। এবার আবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে ও সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটেই পাবেন।

বি.এস.এফ'এ ২,৭৮৮

১ পাতার পর

১-৮-২০২১'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫, পাহাড়ী এলাকার প্রার্থী হলে ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ (তপশিলী উপজাতি হলে ৭৬) সেমি, ফুলিয়ে ৮৩ (তপশিলী উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

শরীরের মাপজোখ হতে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ (তপশিলী উপজাতি হলে ১৫০, পাহাড়ী এলাকার প্রার্থী হলে ১৫৫) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

দৃষ্টিশক্তি দরকার দূরের বেলায় ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/৯ আর কাছের বেলায় ভালো চোখে N6 ও খারাপ চোখে N9. ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন।

মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

শূন্যপদ : **ছেলেদের জন্য** — কবলার ট্রেডে ৮৮টি (জেনাঃ ৪০, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭)। টেলর ট্রেডে ৪৭টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২)। কুক ট্রেডে ৮৯৭টি (জেনাঃ ৩৮০, ই.ডব্লু.এস. ৮৯, ও.বি.সি. ২০৮, তঃজাঃ ১৪৪, তঃউঃজাঃ ৭৬)। ওয়াটার কেরিয়ার ট্রেডে ৫১০টি (জেনাঃ ২১৩, ই.ডব্লু.এস. ৪৮, ও.বি.সি. ১২৩, তঃজাঃ ৮৩, তঃউঃজাঃ ৪৩)। ওয়াশারম্যান ট্রেডে ৩৩৮টি (জেনাঃ ১৪৭, ই.ডব্লু.এস. ৩৫, ও.বি.সি. ৭৭, তঃজাঃ ৫৫, তঃউঃজাঃ ২৪)। বারবার ট্রেডে ১২৩টি (জেনাঃ ৫৪, ই.ডব্লু.এস. ১৩, ও.বি.সি. ৩০, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৮)। সুইপার ট্রেডে ৬১৭টি (জেনাঃ ২৬৩, ই.ডব্লু.এস. ৬০, ও.বি.সি. ১৪৫, তঃজাঃ ৯৮, তঃউঃজাঃ ৫১)। কার্পেন্টার ১৩টি (জেনাঃ ১১, ও.বি.সি. ২)। পেইন্টার ৩টি (জেনাঃ)। ইলেক্ট্রিশিয়ান ৪টি (জেনাঃ)। ড্রাফটসম্যান ১টি (জেনাঃ)। ওয়েটার ৬টি (জেনাঃ)। মালি ৪টি (জেনাঃ)।

শূন্যপদ মেয়েদের জন্য — কবলার ট্রেডে ৩টি (জেনাঃ)। টেলর ট্রেডে ২টি (জেনাঃ)। কুক ট্রেডে ৪৭টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২)। ওয়াটার কেরিয়ার ট্রেডে ২৭টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। বারবার ট্রেডে ৭টি (জেনাঃ)। সুইপার ট্রেডে ৩৩টি (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা মাপা হবে। এইসময় উচ্চতা কম থাকলে বাদ দেওয়া হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় ছেলেদের বেলায় প্রথমে ২৪ মিনিটে ৫ কি.মি. দৌড়তে হবে আর মেয়েদের বেলায় ১.৬ কিমি দৌড়তে হবে সাড়ে ৮ মিনিটে। সফল হলে মূল সার্টিফিকেটের পরীক্ষা। তখন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত জেরক্স সঙ্গে রাখবেন। এরপর উচ্চতা, বুকের ছাতি ও ওজন ইত্যাদি দেখা হবে। সফল হলে ট্রেড টেস্ট। এরপর হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। সময় থাকবে ২ ঘণ্টা।

এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল অ্যাওয়ারনেস /জেনারেল নলেজ, (২) নলেজ অফ এলিমেন্টারি ম্যাথমেটিক্স, (৩) অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, (৪) ইংরিজি বিষয়ের বেসিক নলেজ। প্রতিটি বিষয়ে ২৫ নম্বরের ২৫টি প্রশ্ন হবে। এই পরীক্ষায় জেনারেল /ই.ডব্লু.এস. প্রার্থীদের বেলায় ৩৫% ও তপশিলী, ও.বি.সি.'দের বেলায় ৩৩% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। মেধা তালিকা তৈরির সময় শুধুমাত্র লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা।

পশ্চিমবঙ্গ ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের প্রার্থীদের পরীক্ষা হবে এই ঠিকানায় : Frontier HQ BSF South Bengal, New Town, Rajarhat, P.O. New Town, Action Area 11E, Plot No. 2 E/1 (Rajarhat), Kolkata-161.

দরখাস্ত করবেন অনলাইনে, ১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : http://rectt.bsf.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. ও মোবাইল নম্বর থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে নাম, মোবাইল নম্বর ও ই-মেল আই.ডি. দিয়ে ওয়ান টাইম রেজিস্ট্রেশন (স্টেপ-।) করতে হবে। তখন রেজিস্ট্রেশন আই.ডি. ও পাশওয়ার্ড পাবেন। তার পর (স্টেপ-।।) রেজিস্ট্রেশন করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা অনলাইনে জমা দেবেন নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে। মহিলা, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

ছোটোখাটো ব্যবসা গড়ে তুলতে প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্পে ২৫ লাখ টাকা ঋণ

সৈকত হালদার, কলকাতা : অল্প পুঁজিতে ছোটোখাটো ব্যবসা করে যাতে গ্রাম ও শহরের ছেলেমেয়েরা নিজের পায়ে দাঁড়াতে পারেন, তার জন্য প্রধানমন্ত্রী কর্মসৃজন প্রকল্পে ব্যবসা করার জন্য সর্বাধিক ২৫ লাখ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হচ্ছে। খাদি ও গ্রামোদ্যোগ কমিশন, খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ ও জেলা শিল্পকেন্দ্রের মাধ্যমে এই প্রকল্পটি রূপায়িত হয়েছে। প্রকল্পের মূল উদ্দেশ্য গ্রাম ও শহরের ছেলেমেয়েদের ছোটোখাটো ব্যবসা গড়তে আর্থিক সাহায্য করা। ছোটোখাটো উৎপাদনমূলক ব্যবসা করার জন্য সর্বাধিক প্রকল্প মূল্যের ২৫ লাখ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে। এর মধ্যে ভর্তুকির পরিমাণ মোট টাকার ১৫% থেকে ৩৫% (শহরাঞ্চলের জেনারেল ক্যাটেগরির ক্ষেত্রে শহরাঞ্চলের বেলায় ১৫% ও গ্রামাঞ্চলের ক্ষেত্রে ২৫% অন্যদিকে তপশিলি জাতি-উপজাতি-ওবিসি, সংখ্যালঘু মহিলা, দৈহিক প্রতিবন্ধি ও পার্বত্য এলাকার শহরাঞ্চলের ক্ষেত্রে ভরতুকি ২৫% ও গ্রামাঞ্চলের ক্ষেত্রে ৩৫%)। এই ঋণের ক্ষেত্রে জেনারেল ক্যাটেগরির প্রার্থীদের প্রকল্পমূল্যের ১০% ও সংরক্ষিত প্রার্থীদের বেলায় ৫% নিজেদের দিতে হবে। বাকি টাকা দেবে সংশ্লিষ্ট ব্যাঙ্ক। প্রকল্প অনুমোদনের পর ভরতুকির টাকা সরাসরি উদ্যোমীদের ব্যাঙ্কের অ্যাকাউন্টে পাঠিয়ে দেওয়া হবে।

১৮ বছরের বেশি যেকোনো উদ্যোগী ঋণ পাওয়ার জন্য দরখাস্ত করতে পারেন। শিক্ষাগত যোগ্যতার কোনো কড়াকড়ি নেই। এছাড়াও সহায়ক গোষ্ঠী, স্বেচ্ছাসেবী সংস্থা, সমবায় সমিতি, ট্রাস্টরাও আবেদনের যোগ্য। আগ্রহীদের অনলাইন পোর্টাল https://www.kviconline.gov.in এর মাধ্যমে দরখাস্ত জমা দিতে হবে। পূরণ করা দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে এইসব নথিপত্র : আধার কার্ড, ঠিকানার প্রমাণপত্র, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, সদ্য তোলা পাশপোর্ট মাপের ফটো। বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন : (১) রাজ্য কার্যালয়, খাদি গ্রামোদ্যোগ কমিশন, (২) সংশ্লিষ্ট জেলা অফিস,খাদি ও গ্রামীণ শিল্প পর্ষদ, (৩) সংশ্লিষ্ট জেলা অফিস, জেলা শিল্পকেন্দ্র। জেলাভিত্তিক খাদি ও গ্রামোদ্যোগ কমিশনের আধিকারিকদের হেল্পলাইন নম্বর : (১) আলিপুরদুয়ার / জলপাইগুড়ি : ৮০১৭৪৬৫২৫৬, (২) দিনাজপুর (উঃ / দঃ), ২৪ পরগনা (উঃ / দঃ) : ৯৭০৭২৯৬৪৩৮, (৩) হুগলি / নদিয়া / দার্জিলিং / কালিম্পং : ৯৮৩০৬৬৪৪৯৭, (৪) মেদিনীপুর (পূর্ব / পশ্চিম), বাঁকুড়া, ঝাড়গ্রাম, পুরুলিয়া : ৯৪৩৪৫২১৮৮৫, (৫) হাওড়া / কলকাতা : ৯৭৩২৩৪৩৯৩১, (৬) বীরভূম / মুর্শিদাবাদ : ৯৮৩৬৭৯৬৬২৬, (৭) মালদা / কোচবিহার / বর্ধমান (পূর্ব / পশ্চিম) : ৯৪৩২৩৮৬৫৭৮, (৮) পি.এম.ই.জি.পি হেল্পলাইন নম্বর : ৮১০০২৪৫২৭৪।

ওয়েস্টার্ন রিজিয়নে ৫৭০

১ পাতার পর

ডিসিপ্লিন -মেকানিক্যাল : মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন : ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স : ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন - ইলেক্ট্রনিক্স : ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার : আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক : আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস ইন্সট্রুমেন্ট মেকানিক : আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস -মেশিনিস্ট : আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট) : মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে ডিগ্রি পাশরা যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল সার্টিফিকেট হোল্ডার) : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেড অ্যাপ্রেন্টিস (রিটেল সেলস অ্যাসোসিয়েটস-স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) : যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা যোগ্য। রিটেল ট্রেনি অ্যাসোসিয়েট হিসাবে অন্তত ১ বছরের স্কিল সার্টিফিকেট থাকলে যোগ্য।

কোন রাজ্যে ক'টি শূন্যপদ : **টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে — মহারাষ্ট্র** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) - ২১২টি (জেনাঃ ৯৪, ই.ডব্লু.এস. ২১, তঃজাঃ ২১, তঃউঃজাঃ ১৯, ও.বি.সি. ৫৭)।

গুজরাটে - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ৬১টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ৬, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ১৬)।

মধ্যপ্রদেশ - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) — ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৬)।

ছত্তিশগড় - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ২২টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ১)।

গোয়া - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) — ৩টি (জেনাঃ ২, তঃউঃজাঃ ১)।

দাদরা নগর অ্যান্ড হাভেলি - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স), ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট), ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর), ট্রেড অ্যাপ্রেন্টিস-ডাটা এন্ট্রি অপারেটর (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ট্রেডে — মহারাষ্ট্রে-১০০টি (জেনাঃ ৩৯, ই.ডব্লু.এস. ১০, তঃজাঃ ১০, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ২৮)। **গুজরাট** -৫০টি (জেনাঃ ১৭, ই.ডব্লু.এস. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ১৫)। **মধ্যপ্রদেশ** -৩৫টি (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৫)। **ছত্তিশগড়** -১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২ তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১)। **গোয়া** -৩টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১)। **দাদরা নগর অ্যান্ড হাভেলি**-২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (রিটেল সেলস অ্যাসোসিয়েট), ট্রেড অ্যাপ্রেন্টিস-রিটেল সেলস অ্যাসোসিয়েটস (স্কিল সার্টিফিকেট হোল্ডার্স) ট্রেডে — মহারাষ্ট্রে - ১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। **গুজরাট** -১০টি (জেনাঃ ৫, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)। **মধ্যপ্রদেশ** -৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)। **ছত্তিশগড়** -৩টি (জেনাঃ ১ তঃউঃজাঃ ২)। **গোয়া** -২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১-২০২২'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

পটনা, ভুবনেশ্বর, রাঁচী ও গুয়াহাটিতে। ৯০ মিনিটের লিখিত পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ট্রেড অ্যাপ্রেন্টিস অ্যাকাউন্ট্যান্ট পদের বেলায় থাকবে এইসব বিষয় : (ক) টেকনিক্যাল সংক্রান্ত প্রশ্ন - ৩০ নম্বর, (খ) রিজনিং এবিলিটি -৩০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর। অন্যান্য পদের বেলায় থাকবে এইসব বিষয়ে : (ক) টেকনিক্যাল সংক্রান্ত প্রশ্ন - ৩০ নম্বর, (খ) জেনারিক অ্যাপ্টিটিউট - ২০ নম্বর, (গ) রিজনিং এবিলিটি -২০ নম্বর, (ঘ) বেসিক ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ২০ নম্বর। লিখিত পরীক্ষায় ৪০% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৩৫%) নম্বর পেলে সফল হবেন। পরীক্ষার তারিখ পরে জানানো হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/WR/APPR/2022.

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটে : www.iocl.com দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের প্রিলি. পরীক্ষার ফল কবে বেরোবে? — সুশান্ত পাওয়ান, বালুরঘাট, দক্ষিণ দিনাজপুর। সৈকত পোদ্দার।

■■ ফল শিগগিরই বেরোবে।

■ মাধ্যমিকে ৩৬%, উচ্চমাধ্যমিকে ৫২% নম্বর পেয়ে পাশ করেছি। মাধ্যমিকে ইংরিজিতে ৩০ নম্বর, উচ্চমাধ্যমিকে ৪৬ নম্বর পেয়েছি। পুলিশ ও সেনাবাহিনীর কোন পদে যোগ্য? — অনিন্দ্য গোপ, বোলপুর, সুরশ্রীপল্লী, বীরভূম।

■■ ওই যোগ্যতায় পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশে কনস্টেবল পদে যোগ্য। সেনাবাহিনীতে সোলজার ট্রেডসম্যান পদে যোগ্য।

■ পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের প্রিলি. পরীক্ষার ফল কবে বেরোবে? — ইন্দ্রজিৎ মণ্ডল, রমণীও, উত্তর ২৪ পরগনা।

■■ ফল ফেব্রুয়ারিতে বেরোনোর সম্ভাবনা আছে।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদে জেনারেল ক্যাটেগরিতে দরখাস্ত করেছি। পরে ও.বি.সি. সার্টিফিকেট পেয়েছি। এখন ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাব কি? — কবির আলি, আলগোড়িয়া, ন'পাড়া, উত্তর ২৪ পরগনা।

■■ না, এখন ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাবেন না।

স্কুল সার্ভিসের

■ স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — পল্লবী দাস, বরসুল, পূর্ব বর্ধমান।

■■ স্কুল সার্ভিস কমিশন সূত্রে অনেকবার জানানো হয়েছিল, শূন্যপদ সংগ্রহের কাজও চলছে। শিগগিরই বিজ্ঞপ্তি বেরোবে। কিন্তু এখনো পর্যন্ত বিজ্ঞপ্তি বেরোয়নি। বিজ্ঞপ্তি না বেরোনো পর্যন্ত কোনো খবর নেই।

সাম্প্রতিক তথ্য ভরা

চাকরির পরীক্ষা সংক্রান্ত যাবতীয় প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

পি.এস.সি.'র

■ ২০২১ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার ফল কবে বেরোবে? ২০২২ সালের প্রিলি পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সুভাষ রবিদাস, কোগ্রাম, নলহাটী, বীরভূম। রাকেশ মণ্ডল, কলিঙ্গ, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।

■■ প্রিলি. পরীক্ষার ফল এ মাসেই বেরোবে। ২০২২ সালের প্রিলি. পরীক্ষার বিজ্ঞপ্তিও এ মাসে বেরোনোর সম্ভাবনা আছে।

■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় কালার ব্লাইন্ডনেস-এর জন্য ডাক্তারি পরীক্ষায় বাতিল করা হয়? — সৌভিক সাহা, সোনামুখী, বাঁকুড়া।

■■ না, এজন্য বাতিল হয় না।

■ ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — জয়দীপ সাহা, শিকারপুর, দাঁড়ার ধারপাড়া, নদীয়া। সেখ ইফতিকার আহমেদ, ডায়মন্ডহারবার, দক্ষিণ ২৪ পরগনা।

■■ বিজ্ঞপ্তি এ মাসেই বেরোনোর সম্ভাবনা আছে।

■ পি.এস.সি. ক্লার্কশিপের টাইপিং টেস্টের দ্বিতীয় তালিকা বেরোবে কি? — শুভেন্দু পাল, মগরা, হুগলি।

■■ আপাতত দ্বিতীয় তালিকা বেরোনোর কোনো খবর নেই।

■ ২০২২ সালের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার জন্য কবে থেকে ফর্ম পূরণ শুরু হবে? — বিশ্বজিৎ গোস্বামী, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।

■■ পি.এস.সি. কর্তৃপক্ষ অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার শর্ট নোটিশ বের করেছিল। কিন্তু ফর্ম পূরণ এখনো শুরু হয়নি। খুব শিগগিরই দরখাস্ত নেওয়া শুরু হবে।

পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের অগ্রগামী পদের লিখিত পরীক্ষা হবে ৩০ জানুয়ারি বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারে অডিটর, অ্যাসিস্ট্যান্ট	গ্র্যাজুয়েট পাশ	-	২৩-১-২২	www.ssc.nic.in
উত্তর দিনাজপুর জেলায় আশাকর্মী	মাধ্যমিক	২২৬	৩১-১-২২	www.uttardinajpur.nic.in
সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে কার ড্রাইভার	মাধ্যমিক পাশ	২৪	৮-২-২২	www.cgwb.gov.in
দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার	গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা	৫৭৫	৯-২-২২	http://dsssbonline.nic.in
অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার মাধ্যমে অডিট অফিসার	কমার্স শাখার গ্র্যাজুয়েট	-	-	www.pscwbapplication.in
ESIC-র পশ্চিমবঙ্গ -সহ সারা ভারতের বিভিন্ন রিজিয়নে অফিসে ক্লার্ক, গ্রুপ-ডি, স্টেনো	মাধ্যমিক, উচ্চমাধ্যমিক গ্র্যাজুয়েট	৩,৮৪৭	১৫-২-২২	www.esic.nic.in
বর্ডার সিকিউরিটি ফোর্সে কনস্টেবল (ট্রেডসম্যান)	মাধ্যমিক ও ITI পাশ	২,৭৮৮	১-৩-২২	http://rectt.bsf.gov.in
উত্তর দিনাজপুর জেলায় আশা কর্মী	মাধ্যমিক পাশ, মাধ্যমিক ফেল	৬০	৩১-১-২২	www.uttardinajpur.nic.in
আর্মি পাব্লিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা	গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট	৮,৭০০	২৮-১-২২	http://register.cbtexams.in
নবোদয় বিদ্যালয় সমিতিতে অ্যাসিস্ট্যান্ট, এম.টি.এস.	উচ্চমাধ্যমিক, আই.টি.আই.	১,০৬৮	১০-২-২২	www:navodaya.gov.in
ডি.আর.ডি.ও. অ্যাপ্রেন্টিস	ITI, ডিপ্লোমা, গ্র্যাজুয়েট	১৫০	৭-২-২২	http://rcilab.inrac.gov.in
দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসেস সিলেকশনের মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার	গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট	১৬১	৯-২-২২	http://dsssbonline.nic.in
রেল কোচ ফ্যাক্টরিতে অ্যাপ্রেন্টিস	আই.টি.আই.	৫৬	৩১-১-২২	www.rcf.indianrailways.gov.in
স্বাস্থ্য দফতরে আশা কর্মী	মাধ্যমিক পাশ, মাধ্যমিক ফেল	৭১	১২-২-২২	www.wbhealth.gov.in
রাজ্যের সরকারি হাসপাতালে এ.এন.এম. জি.এন.এম. কোর্সে ভর্তি	উচ্চমাধ্যমিক	-	২৮-১-২২	www.wbjeeb.in

ভারত ইলেক্ট্রনিক্সে ২৪৭

১ পাতার পর

তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৪০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৪৫,০০০ টাকা, তৃতীয় বছর ৫০,০০০ টাকা ও চতুর্থ বছর ৫৫,০০০ টাকা। শূন্যপদ : ৬৭টি। এর মধ্যে ইলেক্ট্রনিক্সে ৪০, মেকানিক্যালে ১৪, কম্পিউটার সায়েন্সে ৯, ইলেক্ট্রিক্যাল ২, সিভিল ২। মোট শূন্যপদের মধ্যে জেনারেল ২৮, ও.বি.সি. ১৮, তফশিলি জাতি ১০, তফশিলি উপজাতি ৫, ই.ডব্লু.এস. ৬।

ট্রেনি ইঞ্জিনিয়ার-I : ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল, আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই., বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) পেয়ে থাকলে যোগ্য। অন্তত ৬ মাসের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। শুরুতে ১ বছরের জন্য নেওয়া হবে। তবে তার মেয়াদ আরো ২ বছরের জন্য বাড়ানো হতে পারে। মাইনে প্রথম বছর মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৩৫,০০০ টাকা ও তৃতীয় বছর ৪০,০০০ টাকা। শূন্যপদ : ১৬৯টি। এর মধ্যে ইলেক্ট্রনিক্সে ১০৩, মেকানিক্যালে ৫০, কম্পিউটার সায়েন্স ৮, ইলেক্ট্রিক্যাল ৭, আর্কিটেকচার ১।

ট্রেনি অফিসার (ফিনান্স): ফিনান্স শাখায় এম.বি.এ. কোর্স পাশরা মোট অন্তত ৫৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে যোগ্য। অন্তত ৬ মাসের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২৮ বছরের মধ্যে। মাইনে প্রথম বছর মাসে ৩০,০০০ টাকা, দ্বিতীয় বছর ৩৫,০০০ টাকা ও তৃতীয় বছর ৪০,০০০ টাকা। শূন্যপদ : ১১টি। ট্রেনি ইঞ্জিনিয়ার ও ট্রেনি অফিসার পদের বেলায় মোট শূন্যপদের মধ্যে জেনা: ৭৩, ও.বি.সি. ৪৯, তজা: ২৭, তউজা: ১৩, ই.ডব্লু.এস. ১৮। সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে বেঙ্গালুরুতে। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর, পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা আর ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে। দরখাস্ত করবেন অনলাইনে, ৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://jobapply.in/BEL2022TETOPE এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ প্রোজেক্ট ইঞ্জিনিয়ার -I পদের বেলায় ৫০০ টাকার আর ট্রেনি ইঞ্জিনিয়ার-I ও ট্রেনি অফিসার পদের বেলায় ২০০ টাকা এস.বি.আই. কালেক্টে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সেনাবাহিনীতে ল' অফিসার

১ পাতার পর

পেয়ে আইন শাখার গ্র্যাজুয়েটরা (ডিগ্রি কোর্স পাশের পর ৩ বছরের অথবা উচ্চমাধ্যমিক পাশের পর ৫ বছরের এলএল.বি. ডিগ্রি) আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-৭-২০২২'এর হিসাবে ২১ থেকে ২৭ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম তারিখ হতে হবে ২-৭-৯৫ থেকে ১-৭-২০০১'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি (উত্তর-পূর্বাঞ্চলের বেলায় ১৫২.৫ সেমি) আর মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫২ (উত্তর-পূর্বাঞ্চলের বেলায় ১৪৮) সেমি। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/১৮। শুরুতে ৪৯ মাসের ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে, এপ্রিলে। সফল হলে লেফটেন্যান্ট র‌্যাঙ্কে শর্ট সার্ভিস কমিশনে চাকরি। মূল মাইনে : ৫৬,১০০ টাকা -১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ : ৯টি (ছেলে ৬টি, মেয়ে ৩টি)। প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। উচ্চমাধ্যমিকে পাওয়া নম্বরের ভিত্তিতে প্রাথমিক বাছাই প্রার্থীদের ইন্টারভিউয়ের 'কললেটার' পাঠানো হবে। মোট ৫ দিনের এই পরীক্ষায় সাইকোলজি ওরিয়েন্টেড ইন্টেলিজেন্স টেস্ট, গ্রুপ টেস্ট ও ইন্টারভিউ হবে। এরপর ৩-৫ দিনের ডাক্তারি পরীক্ষা। ইন্টারভিউয়ে যাতায়াতের ভাড়া ফেরৎ পাবেন। পরীক্ষা হবে এলাহাবাদ, ভূপাল, ব্যাঙ্গালোর ও কাপুরথালায়।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৭ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindianarmy.nic.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

রেলে ৬৯ ম্যানেজার

কেন্দ্রীয় সরকারের রেল মন্ত্রকের অধীন রেলটেল কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড ডেপুটি ম্যানেজার, ম্যানেজার, সিনিয়র ম্যানেজার পদে ৬৯ জন লোক নিচ্ছে। ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই, বা, বি.টেক.) কিংবা বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরা আবেদনকরতে পারেন। আইনের কোর্স পাশরা 'ডেপুটি ম্যানেজার (লিগ্যাল)' পদের জন্য যোগ্য। বয়স হতে হবে ২১ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। এই পদের বিজ্ঞপ্তি নং : RCIL/2020/P&A / 44/4.

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। ১৫০ নম্বরের ১২০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে এম.সি.কিউ. টাইপের। সফল হলে ৫০ নম্বরের ইন্টারভিউ। দরখাস্ত করবেন অনলাইনে, ২৩ ফেব্রুয়ারির মধ্যে।

...dia.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। দরখাস্ত করার সময় পরীক্ষা ফী বাবদ ১,২০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ৬০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

৭২ ড্রাইভার

১ পাতার পর

৭২ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা ভারী গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোটর মেকানিজম সম্পর্কে জ্ঞান থাকতে হবে। ইংরিজি বা হিন্দিতে পড়তে ও লিখতে পারা দরকার। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : মিড-ইস্টার্ন রিজিয়নে : ২৩টি (জেনা: ১৬, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তজা: ৩, তউজা: ১)। নর্থ ওয়েস্টার্ন রিজিয়নে : ২৩টি (জেনা: ১৪, ও.বি.সি. ৫, তজা: ৩, তউজা: ১)। সাউথ ওয়েস্টার্ন রিজিয়নে : ২৩টি (জেনা: ১৫, ও.বি.সি. ৪, তজা: ৩, তউজা: ১)।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.cgwb.gov.in দরখাস্ত-খামের ওপর লিখবেন 'Application for the post of Staff Car Driver (Ordinary Grade)'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড পোস্টে, ১০ (সাউথ ওয়েস্টার্ন রিজিয়নের বেলায় ২) ফেব্রুয়ারির মধ্যে।

মিড-ইস্টার্ন রিজিয়নের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায়: The Regional Director, Central Groud Water Board (CGWB), Ministry of Jal Shakti, Department of Water Resources and River Development & Ganga Rejuvenation, Mid-Eastern Region, 6th & 7th Floor, Lok Nayak Jaiprakash Bhawan, Dak Bungalow, Patna - 800001 (Bihar).

নর্থ ওয়েস্টার্ন রিজিয়নের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Regional Director, Central Groud Water Board (CGWB), Ministry of Jal Shakti, Department of Water Resources and River Development & Ganga Rejuvenation, North Western Region, Bhujal Bhawan, Plot No. 3B, Sector -27A, Chandigarh - 160019.

সাউথ ওয়েস্টার্ন রিজিয়নের বেলায় দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : The Regional Director, Central Groud Water Board (CGWB), Ministry of Jal Shakti, Department of Water Resources and River Development & Ganga Rejuvenation, South Western Region, Bhujal Bhawan, 27th Main, 7th Cross, HSR Layout Sector-1, Bengaluru-560102.

নর্দার্ন রিজিয়নে ৬২৬

১ পাতার পর

কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইলেক্ট্রিক্যাল : ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা* মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ইন্সট্রুমেন্টেশন : ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, সিভিল : সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

